

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mopme.gov.bd

স্মারক নং-৩৮.০০১.০১১.০০.০০.০১৮.২০১৫- ৬৪২

০৬ ভাদ্র, ১৪২৩ বঙ্গাব্দ
তারিখঃ -----
২১ আগষ্ট, ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ৩৩তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ সল্লতার কারণে ক্যাডার পদ এবং ১ম শ্রেণীর নন-ক্যাডার পদে সুপারিশকৃত নয় এমন প্রার্থীদের নন-ক্যাডার ২য় শ্রেণীর সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার পদে নিয়োগ প্রদান সংক্রান্ত।

সূত্রঃ (১) বিপিএসসি এর স্মারক নং ৮০.১১১.০১১.০০.০০.০০৫.২০১৪/২৯৪, তারিখ: ২৬/০৮/২০১৫ ইং
(২) বিপিএসসি এর স্মারক নং ৮০.১১১.০১১.০০.০০.০০৫.২০১৪/৪০৫, তারিখ: ১৬/১১/২০১৫ ইং


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকপত্রের প্রেক্ষিতে ৩৩তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ সল্লতার কারণে ক্যাডার পদ এবং ১ম শ্রেণীর নন-ক্যাডার পদে সুপারিশকৃত নয় এমন প্রার্থীদের নন-ক্যাডার ২য় শ্রেণীর পদে নিয়োগের জন্য বাংলাদেশ সরকারি কর্মকমিশন কর্তৃক সুপারিশকৃত ৬১ জন প্রার্থীর মধ্যে নিম্নোক্ত ০১ (এক) জন প্রার্থীর নিয়োগের যাবতীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়েছে। সে প্রেক্ষিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ের সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (২য় শ্রেণী) এর পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ১৬০০০-৩৮৬৪০/- টাকা বেতনক্রমে (১০ম গ্রেড) নিয়োগ/পদায়ন আদেশ জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিদেশক্রমে অনুরোধ করা হলোঃ

ক্র: নং	প্রার্থীর নাম ও রেজি: নং	স্থায়ী ঠিকানা
৫১.	শাহ সাইফুল আলম ৬০৪৩৯৭	পিতা: প্রয়াত শাহ মাসুদ আলম মাতা: সাজেদা বেগম বাড়ী নং-৩৯, শাহরাস্তি পৌরসভা, পো: শাহরাস্তি, উপজেলা: শাহরাস্তি, জেলা: চাঁদপুর।

২। এ নিয়োগের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবেঃ

- তাদের চাকরিতে যোগদানের পর ২ বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে;
- শিক্ষানবিশকালে অযোগ্য বিবেচিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদেরকে চাকুরি হতে অপসারণ করা যাবে;
- শিক্ষানবিশকাল সন্তোষজনক বিবেচিত হলে বিধি মোতাবেক চাকুরীতে স্থায়ী করা হবে;
- চাকুরীতে তাঁদের জ্যেষ্ঠতা সরকারী বিধি মোতাবেক নির্ধারিত হবে;
- তিনি বাংলাদেশের নাগরিক নন এমন ব্যক্তির সংগে বিবাহ বন্ধনে আবদ্ধ হলে অথবা বিবাহের অঙ্গীকারাবদ্ধ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- তাঁর চাকুরির অন্যান্য বিষয়াদি সরকারের প্রচলিত বিধি-বিধান, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান/আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমন ভাতা/দৈনিক ভাতা পাবেন না।
- প্রার্থীদের নিয়োগ আদেশ জারী ০১ (এক) মাসের মধ্যে পদায়নকৃত কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
- সাময়িক প্রত্যয়নের ভিত্তিতে মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশকৃতদের নিয়োগ প্রদান করা হলো, তবে ছুড়ান্ত যাচাইয়ে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে গৃহীত সমুদয় সুবিধা প্রত্যাবর্তন করতে বাধ্য থাকবেন।

সংযুক্তি : (ক) প্রার্থীদের মূল আবেদন।
(খ) প্রার্থী ও পুলিশ প্রতিবেদন।
(গ) প্রার্থীর মেডিকেল সার্টিফিকেট
(ঘ) বাংলাদেশ সরকারী কর্মকমিশনের তালিকা।


২১.০৮.২০১৬
(রেবেকা সুলতানা)

সিনিয়র সহকারী সচিব (প্রশা-১)
ফোন: ৯৫৭১৮০১

মহাপরিচালক,
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।